গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
শরীয়তপুর
(সাধারণ শাখা)
www.shariatpur.gov.bd

৩৩৩ এ কল দিন
সরকারি সেবার তথ্য নিন

## জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত জেলা বাছাই কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মো: পারভেজ হাসান, জেলাপ্রশাসক, শরীয়তপুর।
সভার স্থান : জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ১৬ জুন ২০২২, সময় : বিকাল ০৪.০০টা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) :

০১। জনাব আসমা উল হুসনা লিজা, অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), শরীয়তপুর
০২। জনাব মো: সাইফুদ্দিন গিয়াস, অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), শরীয়তপুর
০৩। জনাব তৌছিফ আহমেদ, অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), শরীয়তপুর

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন জাতীয় শুদ্ধাচার কৌশলের উদ্দেশ্য "সুখি সমৃদ্ধ সোনার বাংলা" এবং "রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা" করা। সে লক্ষ্যে সরকার ২০১২ সালে সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) NIS, প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গর্ভন্যান্স ও মেধার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর গুরুত্বারোপ করা হয়েছে।

সরকার কর্তৃক জারীকৃত শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৪ নভেম্বর ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৭০.১৯- ১৪৬ নম্বর স্মারক পত্র সভায় উপস্থাপন করা হয়। বাছাই কমিটির সদস্যগণের মূল্যায়নের ভিত্তিতে জেলা পর্যায়ে গ্রেড-৩ হতে ০৯ ভূক্ত ০১ জন, গ্রেড-১০ হতে ১৬ ভূক্ত ০১ জন ও গ্রেড-১৭ হতে ২০ ভূক্ত ০১ জন এবং উপজেলা পর্যায়ে গ্রেড-০৪ হতে ০৯ ভূক্ত ০১ জন, গ্রেড-১০ হতে ১৬ ভূক্ত ০১ জন ও গ্রেড-১৭ হতে ২০ ভূক্ত ০১ জন করে কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত ০৬(ছয়) জন কর্মকর্তা-কর্মচারীকে উল্লিখিত নীতিমালা অনুসারে ২০২১-২০২২ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করা হয়।

জেলা পর্যায়ের জন্য :

| ক্রম | মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | গ্রেড ও বেতন স্কেল | মূল বেতনের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব আসমা উল হুসনা লিজা | অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব) শরীয়তপুর | ৬ষ্ঠ গ্রেড ৩৭২৮০-৬৭০১০/- | ৪৩,১৭০/- |
| ০২ | জনাব হরি নারায়ণ চক্রবর্তী | উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর সাধারণ শাখা | ১৩তম গ্রেড ১১০০০-২৬৫৯০/- | ২২,৯৬০/- |
| ০৩ | জনাব জিএম মোর্শেদ সবুজ | অফিস সহায়ক অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব) এর গোপনীয় শাখা জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর | ২০তম গ্রেড ৮২৫০-২০০১০/- | ১২,২৪০/- |

উপজেলা পর্যায়ের জন্য :

| ক্রম | মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | গ্রেড ও বেতন স্কেল | মূল বেতনের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মনদীপ ঘরাই | উপজেলা নির্বাহী অফিসার শরীয়তপুর সদর, শরীয়তপুর | ৬ষ্ঠ গ্রেড ৩৫,৫০০-৬৭৮৫০/- | ৪৩,১৭০/- |
| ০২ | জনাব গোবিন্দ চক্রবর্ত্তী | উপ-প্রশাসনিক কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় নড়িয়া, শরীয়তপুর | ১২তম গ্রেড ১১৩০০-২৭৩০০/- | ২১,৩৮০/- |
| ০৩ | জনাব মো: আজাহার আলী | ফটোকপি মেশিন অপারেটর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ডামুড্যা, শরীয়তপুর | ১৫তম গ্রেড ৯৭০০-২৩৪৯০/- | ২৩,৪৯০/- |

সিদ্ধান্ত : (ক) বর্ণিত ০৬ (ছয়) জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ;

(খ) নীতিমালা অনুযায়ী বাছাইকৃত ০৬(ছয়) জন কর্মকর্তা-কর্মচারীকে পুরস্কার হিসেবে প্রত্যেককে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং ০১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মো: পারভেজ হাসান)
জেলাপ্রশাসক
শরীয়তপুর।
ফোন : ০২-৪৭৮৮১৫১৪১
মোবাইল : ০১৭১৫-১৯৩৮৯৩
e-mail: dcshariatpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৮৬০০.০০৬.১২.০৩৮.২২- ৫০৩(২৫)

তারিখ : ০২ আষাঢ় ১৪২৯ / ১৬ জুন ২০২২

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, শরীয়তপুর।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শরীয়তপুর।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর/জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ/ডামুড্যা/গোসাইরহাট, শরীয়তপুর।
০৭. সহকারী কমিশনার (ভূমি), শরীয়তপুর সদর/জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ/ডামুড্যা/গোসাইরহাট, শরীয়তপুর।
০৮. সহকারী কমিশনার..........................................................................................জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
০৯. প্রশাসনিক কর্মকর্তা, জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
১০. জনাব ..................................................................................................................................শরীয়তপুর।

১৬/৬/২০২২
(মো: পারভেজ হাসান)
জেলাপ্রশাসক
শরীয়তপুর।
ফোন : ০২-৪৭৮৮১৫১৪১
মোবাইল : ০১৭১৫-১৯৩৮৯৩
e-mail: dcshariatpur@mopa.gov.bd